

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
Email: info@nctd.gov.bd

নং-৫৮.০২.৮৮০০.১৫২.১৬.০২১.১৫- ৫০০

তারিখ: ১২/০১/২০২৫ খ্রি:

বিষয়ঃ জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ সূত্রঃ প্রধান কার্যালয়ের স্মারক নং: ৫৮.০২.০০০০.০০৭.০৬.০০১.২২.৪৭৭, তারিখ- ১৭/১১/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যায় যে, গত ২২/১০/২০২৪ তারিখে সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে মাদকের ভয়াবহ আত্মসন রোধকল্পে গঠিত এনফোর্সমেন্ট কমিটির ২৫তম সভায় জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতার আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণের প্রেক্ষিতে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ব্যাপকভিত্তিক অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। রচনা প্রতিযোগিতা ০২(দুই)টি গ্রুপে অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতা


গ্রুপ	শ্রেণি/পর্যায়	শব্দ সংখ্যা	রচনার বিষয়বস্তু
ক	মাধ্যমিক স্কুল ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী	১৫০০	মাদকাসক্তি মুক্ত দেশ গঠনে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা
খ	উচ্চমাধ্যমিক, বিশ্ববিদ্যালয় ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী	২০০০	মাদকাসক্তি মুক্ত আগামী বাংলাদেশঃ তারুণ্য ও যুবসমাজ

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। সিরাজগঞ্জ জেলার সকল মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনার সাথে আলাদা কগজে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৪। খামের ওপর রচনা প্রতিযোগিতার বিষয় লিখতে হবে।
- ৬। রচনা আগামী ২৬ জানুয়ারি, ২০২৫ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ, মাসুমপুর উকিল পাড়া, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ঠিকানায় পৌঁছাতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে আপনার শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের মাধ্যমে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণে আপনার সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ৪ বর্ণনামতে ০১(এক) পাতা।


(মোহাম্মদ রুহুল আমিন)

উপপরিচালক
মোবাইল: ০১৪০৪ ০৭২৪৩৩

- ১। সালেহা ইসহাক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।
- ২। সিরাজগঞ্জ কলেজের স্কুল এন্ড কলেজ।
- ৩। সবুজ কানন স্কুল এন্ড কলেজ।
- ৪। জাহানারা উচ্চ বিদ্যালয়।
- ৫। ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়।
- ৬। হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৭। সিরাজগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়।
- ৮। জ্ঞানদায়িনী উচ্চ বিদ্যালয়।
- ৯। গৌরি আরবান বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ।
- ১০। বি এল সরকারি উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ।